কোটচাঁদপুরে অসহায় পরিবারে খাবার পৌছে দিলেন পুলিশ সুপার হাসানুজ্জামান

“মুজিব বর্ষের অঙ্গীকার,পুলিশ হবে জনতার”এই স্লোগান কে সামনে রেখে বাংলাদেশ পুলিশ যখন জনবান্ধব পুলিশিং এ ব্যস্ত, ঠিক সেই সময়ে বৈশ্বিক সমস্য হিসেবে বাংলাদেশেও প্রানঘাতি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব দেখা দেয়। উন্নত বিশ্বে প্রাণঘাতি এই ভাইরাস প্রতিরোধে লক-ডাউন কর্মসূচি ঘোষনা করে।

বাংলাদেশ সরকারও করোনা ভাইরাস প্রতিরোধে লকডাউন কর্মসূচি ঘোষনা করলে কর্মবঞ্চিত গরিব, দুস্থ্য,অসহায় দিনমজুর শ্রমজীবীরা অন্ন সংস্থানের অভাবে দিশেহারা হয়ে পড়েছে।

এমন পরিস্থিতিতে রাতের আধারে দুস্থ্য অসহায় এই সব মানুষের হাতে নিজ উদ্যোগে “মানুষ মানুষের জন্য, পুলিশ জনগণের বন্ধু,সেবাই পুলিশের ধর্ম”এই ব্রত নিয়ে খাবার পৌছে দিলেন,ঝিনাইদহ জেলা পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)। রবিবার (৫এপ্রিল) রাতের আধারে কোটচাঁদপুর মডেল থানা পুলিশের সহযোগিতায় উপজেলার বিভিন্ন এলাকায় নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী পৌছে দেন।

পুলিশ সুপার বলেন, মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ভয়াবহতা থেকে নিজ,নিজের পরিবার,সর্বপরি দেশের মানুষ ও দেশকে রক্ষার জন্য সকলকে বিশেষ প্রয়োজন ছাড়া অযথা বাহিরে না আসতে অনুরোধ করেন।

এসময় উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল হক, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম সহ জেলা ও থানা পুলিশের সদস্যরা।

ঝিনাইদহ স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহ র্পাকপাড়া এলাকার স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার উদ্যোগে ও বাংলাদেশ মানবাধিকার নাট্য পরিষদ জেলা শাখার সহযোগিতায় করোনার প্রভাবে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। রোববার সকালে পৌর এলাকার ৫০ জন কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

এসময় বাংলাদেশ মানবাধিকার নাট্য পরিষদের সভাপতি ও স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার সাধারণ সম্পাদক রুবেল পারভেজ, সহ সভাপতি নূরুজ্জামান, মেহেরুজ্জামান সবুজ ও ফয়সাল আহমেদ উপস্থিত ছিলেন।

এসময় ওই এলাকার ৫০ জন খেটে খাওয়া পরিবারের মাঝে আটা, আলু, কাচা মরিচ, কাচ কলা, মিষ্টি কুমড়া, পিয়াজ ও টমেটো বিতরণ করা হয়। সামাজিক দুরত্ব বজায় রেখে তাদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। কাজ না থাকায় অভাব অনটনে থাকা পরিবারগুলো এই খাবার পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

ঝিনাইদহে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ ১৫ জন আহত

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার যাদবপুর গ্রামে জমি নিয়ে বিরোধের জের ধরে দু’পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ১৫ জন আহত হয়েছে। বুধবার সকালে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, দীর্ঘদিন ধরে যাদবপুর গ্রামের জব্বার হোসেনের সাথে একই এলাকার উজ্জল হোসেনের জমি নিয়ে বিরোধ চলে আসছিল।

বুধবার সকালে এ নিয়ে উভয় পক্ষের মধ্যে শালিসি বৈঠক অনুষ্ঠিত হয়।

এক পর্যায়ে তারা কথা-কাটাকাটির জের ধরে উত্তেজিত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের অন্তুত ১৫ জন আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

আহতদের মধ্যে আতিকুর রহমান, সাবিনা খাতুন, জব্বার হোসেন, পারভীনা আক্তার ও শাহানাজ পারভীনকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

হরিণাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। পুনরায় সংর্ঘষ এড়াতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে করোনা প্রতিরোধে পুলিশের চেকপোস্ট

করোনার সংক্রমন প্রতিরোধ ও সচেতনতা বাড়াতে ঝিনাইদহে চেকপোস্ট কার্যক্রম শুরু করেছে পুলিশ। জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে সকাল থেকে এ কার্যক্রম শুরু হয়।

বুধবার সকালে শহরের পায়রা চত্বর, হামদহ, আরাপপুরসহ ৬ টি স্থানে চেকপোস্ট বসানো হয়। এসময় সামাজিক দুরত্ব বজায় রাখতে ইজিবাইকে ৬ জন এক সাথে না চলা, মোটর সাইকেলে একজনের বেশি না বসা, বাইরে অযথা ঘোরাঘুরি না করে বাড়ীতে থাকার নির্দেশ দেন।

এছাড়াও ব্যক্তিগত গাড়ি চালক ও সড়কে চলাচলকারীদের করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিষয়ক নানা পরামর্শ দেওয়া হয়।

এসময় জেলা ট্রাফিক ইন্সপেক্টর মো: সালাহউদ্দিন বলেন, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান’র নির্দেশে করোনার সংক্রমন রোধে সড়ক মহাসড়কে জরুরী কাজ বাদে চলাচলকারী যানবাহন ও মানুষকে ঘরে থাকতে পরামর্শ দেওয়া হয়।

পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কর্মসূচী চলমান থাকবে।

করোনা ভাইরাস প্রতিরোধে কোটচাঁদপুরে এমপি’র মাক্স, সাবান, হ্যাণ্ড গ্লোফস বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস প্রতিরোধে মাক্স, সাবান, হ্যাণ্ড গ্লোফস বিতরণ করলেন ঝিনাইদহ-৩ (কোটচাঁদপুর-মহেশপুর) আসনের এমপি অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

বুধবার সকালে পৌর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে সাধারণ অসহায় মানুষের মাঝে করোনা ভাইরাস প্রতিরোধে সামাজিক সচেতনতা হিসাবে নিজ হাতে লিফলেট ও স্যানেটারী সামগ্রী বিতরণ করেন।

এ সময় তার সাথে ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, কোটচাঁদপুর থানার ওসি (তদন্ত) ইমরান আলম, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান ও আওয়ামীলীগ নেতা মিজানুর রহমান খানসহ আ.লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে তিনি মহেশপুর পৌর শহরেও অনুরুপ সামগ্রী বিতরণে কাজে অংশ নেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

ঝিনাইদহে করোনার লক্ষন থাকায় যুবক আইসুলেশনে

ঝিনাইদহে করোনায় আক্রান্তের লক্ষন থাকায় এক যুবককে আইসোলেশনে রাখা হয়েছে। সোমবার দুপুরে শহরের শিশু হাসপাতালে স্বাস্থ্য

বিভাগের তৈরী করা আইসোলেশনে রাখা হয়।

ঝিনাইদহের সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, গত ১৪ মার্চ শৈলকুপার ওই যুবক ঢাকা থেকে বাড়িতে এসেছে।

কয়েকদিন আগে থেকে সে ঠান্ডা কাশিতে ভুগছিল। সোমবার প্রচন্ড জ্বর নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসে। করোনার আক্রান্তের আরও কয়েকটি লক্ষন থাকায় পরীক্ষা ও উন্নত চিকিৎসার জন্য শিশু হাসপাতাল আইসোলেশনে পাঠানো হয়।

ঢাকা থেকে আইইডিসিআর কর্তৃপক্ষের নিদের্শনা মোতাবেক তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।

ঝিনাইদহে নসিমন নিয়ন্ত্রন হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে ২ জন নিহত

ঝিনাইদহে নসিমন নিয়ন্ত্রন হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে ২ ব্যবসায়ী নিহত হয়েছে।

সোমবার দুপুরে শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জ এলাকার তেলপাম্পের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলো-কুষ্টিয়া সদর উপজেলার হাতিয়া আব্দালপুর গ্রামের হাসমত আলী ও ঝাউদিয়া গ্রামের মিনা হোসেন।

শৈলকুপা থানার এসআই রফিকুল ইসলাম জানান, কাঁচামাল ব্যবসায়ী ওই দুই জন দুপুরে আব্দালপুর থেকে সবজি নিয়ে ঝিনাইদহে আসছিল। পথে ঘটনস্থলে পৌঁছালে নসিমনের চাকা ফেটে নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার পাশের গাছের সাথে ধাক্কা লাগে।

এতে ঘটনাস্থলেই ২ জন নিহত হয়। খবর পেয়ে শৈলকুপা থানা পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠায়।

ঝিনাইদহে আরও ৬৯ জন হোম কোয়ারেন্টাইনে, পশু হাট বন্ধ

ঝিনাইদহে নতুন করে আরও ৬৯ জনকে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। এদের মধ্যে বিদেশফেরত রয়েছে ৬৬ জন। এ নিয়ে জেলায় মোট কোয়ারেন্টাইনে রাখা হলো ৫৫৩ জনকে। অন্য দিকে হোম কোয়ারেন্টাইনের মেয়াদ শেষ হওয়ায় স্বাভাবিকভাবে চলাচল করতে বলা হয়েছে ২১৮ জনকে।
করোনা ভাইরাস প্রতিরোধে এরই মধ্যে জেলার ২৭টি পশু হাট বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন। পাশাপাশি চায়ের দোকান থেকে শুরু করে সকল দোকান-পাট থেকে টেলিভিশন অপসারণসহ গান-বাজনা বন্ধ রাখার নির্দেশনা দিয়ে মাইকিং করা হয়েছে।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক ও করোনা প্রতিরোধ কমিটির সভাপতি সরোজ কুমার নাথ জানান, সকল জনসমাগম নিষিদ্ধ করা হয়েছে। এ কারণেই আমরা চায়ের দোকানে টেলিভিশন অপসারণ, গান-বাজনা বাজানো বন্ধ ঘোষণা করা হয়েছে।
তিনি আরও জানান, ২১ মাচ শনিবার দিবাগত রাতে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে বিভিন্ন দোকান থেকে বেশ কিছু টেলিভিশন অপসারণ করে মালিকদের সতর্ক করা হয়েছে, যেন দোকানে কোনো জন-সমাগম না হয়। এছাড়া পশু হাট বন্ধ করে মাইকিং করা হয়েছে।

সরকারের নিষেধাজ্ঞা সত্ত্বেও ঝিনাইদহে হার্ভার্ড, ওরাকল ও

সাইফুর’সসে কোচিং বাণিজ্য চলছে

সারা বিশ্ব যখন করোনার ভয়ে আতঙ্ক, সরকারের পক্ষ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার ৩১মার্চ পযর্ন্ত বন্ধ রাখার কড়া নিষেধাজ্ঞা সেই মুহূর্তে ঝিনাইদহের হার্ভার্ড স্কুল এন্ড কলেজ, ওরাকল ও সাইফুর’স সহ বেশকিছু প্রি-ক্যাডেট ও কোচিং সেন্টার নিষেধাজ্ঞা উপেক্ষা করে চালিয়ে যাচ্ছে কোচিং বাণিজ্য।

শনিবার সকাল ৯টায় এমনকয়েকটি প্রতিষ্ঠিানের সামনে ঘুরে এমন দৃশ্য দেখা যায়। হার্ভার্ড স্কুল এন্ড কলেজে অভিভাবক ও ছাত্র ছাত্রীদের মাঝে টাকার বিনিময়ে প্রশ্ন বিতরণ করার দৃশ্য দেখা গেছে। ছাত্রছাত্রীদের বিকাল ৩টায় এসে উত্তরপত্র জমা দেওয়ার জন্য বলা হয়েছে। বেশ কয়েকজন অভিভাকের সাথে কথা বলে এসবের সত্যতা পাওয়া গেছে। সাংবাদিক আসার খবর পেয়ে প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষক, ৩০/৪০জন ছাত্র ও অভিভাবকে দ্রুত স্থান ছেড়ে চলে যেতে বলেন। কয়েকজন শিক্ষকের কাছ থেকে প্রশ্ন এবং খাতা বিতরণ করার দৃশ্যও চোখে পড়ে।

এছাড়া ওরাকল কোচিং সেন্টারের সজল নামে একজন শিক্ষককে গনিতের ক্লাস নিতে দেখা যায়। তার কাছে প্রশ্ন করলে তিনি বলেন কর্তৃপক্ষের নির্দেশে একটি ক্লাস নিচ্ছি তিনি প্রতিষ্ঠানের প্রধানের নাম বলতে অপারগতা প্রকাশ করেন।

সাইফুর’স কোচিং সেন্টারেও একই অবস্থা, রবিউল নামে একজন শিক্ষককে ছাত্রদের প্রয়োজনীয় ক্লাস এবং পরামর্শ দিচ্ছিলেন সাংবাদিক আসার সংবাদ পেয়ে দ্রুত কোচিং বন্ধ করে বাইরে নেমে যেতে বলেন।

এবিষয়ে হার্ভার্ড স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এমএ রহিম বলেন আমি প্রতিষ্ঠানের ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখেছি কিন্তু পঞ্চম শ্রেণীর ছাত্রদের অভিভাবকদের মাধ্যমে প্রতি সপ্তাহে একটি বিশেষ কায়দায় পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছি।

কোটচাঁদপুরে হোম কোয়ারেন্টাইন না মানায় ২০ হাজার ও চাউল ব্যবসায়ীকে ১৩ হাজার টাকা জরিমানা

বিশ্বজুড়ে প্রতিদিনই করোনাভাইরাসে আক্রান্ত হচ্ছে। অপরদিকে মারা গেছে হাজার হাজার আক্রান্ত রোগী। বিশ্বে ১৭৩ টি দেশ ও অঞ্চলে করোনার প্রকোপ ছড়িয়ে পড়েছে। কভিড-১৯ করোনাভাইরাস প্রতিরোধে বিদেশ ফেরত প্রবাসীদের ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকতে নির্দেশনা রয়েছে। কিন্তু অনেকেই হোম কোয়ারেন্টাইন নিয়ম মানছেন না তাদেরকে আর্থিক দন্ড দিচ্ছেন ভ্রাম্যমাণ আদালত।

ঝিনাইদহের কোটচাঁদপুরে হোম কোয়ারেন্টাইন না মানায় পৌর শহরের সলেমানপুর দাশ পাড়ার মো: মনিরুদ্দিনের ছেলে সিঙ্গাপুর প্রবাসী মো: মিন্টুকে ২০ হাজার টাকা জরিমানা করেছে উপজেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত।

অপরদিকে করোনার অজুহাতে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা অধিক লাভের আসায় অতিরিক্ত মূল্যে চাউল বিক্রি করছে। এমন অভিযোগের ভিত্তিতে মেইন বাজারের চাউল ব্যবসায়ী দীপংকর অধিকারী কে পাটজাত দ্রব্য ব্যবহার আইন-২০১০ এর ১৪ ধারা ও ভোক্তা অধিকার আইন-২০০৯ এর ৩৯/৪০ ধারায় ১০ হাজার ও রতন কুমার সাহাকে ভোক্তা অধিকার আইনে ৩ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুরে শহরের দাশ পাড়ায় ও দোকানে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করে এই জরিমানা আদায় করেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজনীন সুলতানা।

গত ১৫ তারিখে দেশে প্রবেশ করে কোটচাঁদপুুরে নিজ বাড়িতে আসেন মো: মিন্টু (৩৫)। বাসায় না থেকে জনসম্মুখে অবস্থান করায় তাকে ২০ হাজার এবং দুই চাউল ব্যবসায়ীকে ১৩ হাজার টাকা জরিমানা করা হয়।

বিদেশ ফেরত সবাইকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইন মেনে চলার নির্দেশ দেন নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা সার্টিফিকেট সহকারি আল-মামুন প্রমুখ।